# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।
ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org

**২৩/১০/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির জরুরী সভার কার্যবিবরণীঃ**

অদ্য ২৩/১০/২০১৮ইং মঙ্গলবার বিকাল ০৫.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির জরুরী সভা ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন জনাব মোঃ আলফাজ উদ্দিন, যুগ্ম মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব আলহাজ্ব মোঃ আজিজুল হক, সহ-সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও পবিত্র ত্রিপিটক পাঠ করেন বাবু শন্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

গত সভার পর হতে অদ্যাবদি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন জনাব আলহাজ্ব মোঃ আজিজুল হক, সহ-সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে স্বাগত বক্তব্য পেশ করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ নির্বাচন ২০১৮ এর সর্বস্তরের নির্বাচন যাতে সবার অংশ গ্রহণে সুষ্ঠ, অবাধ ও নিরপেক্ষ হয় তার জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর সকল সদস্যদের সহযোগীতা কামনা করেন। তিনি ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের সরকারী প্রজ্ঞাপন (জি.ও) জারী হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী কে বিশেষভাবে আন্তরিক ধন্যবাদ জানান। সাথে সাথে সংশ্লিষ্ট কাজে যারা সহযোগীতা করেছেন তাদেরকেও তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সিলেকশনগ্রেড প্রদানসহ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতি প্রদানের সর্বশেষ অগ্রগতির কথা উল্লেখ করেন। অতঃপর যুগ্ম মহাসচিব সাহেবকে সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

যুগ্ম মহাসচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

গত ২৯/০৯/২০১৮ইং তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-

<u>সিদ্ধান্ত-০১ঃ</u> ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর মহাসচিব জনাব মোঃ আব্দুল রাশেদ খান পদ ও পদবী ব্যবহার করে একের পর এক ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ক্ষতি সাধন করে যাচ্ছেন। এ বিষয়ে তাকে বার বার সর্তক করার পরও তিনি নিজেকে সংযত করতে পারেন নাই। দিন দিন তার অপরাধের মাত্রা ছাড়িয়ে গেছে যাহা ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জন্য হুমকির কারণ বলে অত্র সভা মনে করে।

নিম্নে তার বিরুদ্ধে আনিত অভিযোগ সমূহ উল্লেখ করা হলো-

০১। সদস্যদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সংগঠন কর্তৃক গৃহীত সিদ্ধান্তবলী বাস্তবায়নে বিঘ্ন সৃষ্টি করা।
০২। সদস্যদের ঐক্য সংহতি নষ্ট করে বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি করা।
০৩। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সদস্যদের নিকট হতে সিলেকশনগ্রেড ও পদোন্নতির নামে ঘুষ গ্রহণ করা।
০৪। ভূয়া ভাউচারের মাধ্যমে অর্থ আত্মসাত করা।
০৫। সভাপতির ব্যক্তিগত ফাইল থেকে (কম্পিউটার হতে) গুরুত্বপূর্ণ ডকুমেন্ট চুরি করা।

উল্লেখিত কারণে মোঃ আব্দুর রাশেদ খান, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ কে গঠনতন্ত্রের ৬.২ ও ৬.৩ ধারা মোতাবেক অদ্য ২৩/১০/১৮ তারিখ থেকে সাময়িক বরখাস্ত করা হলো এবং জনাব মোঃ আলফাজ উদ্দিন, যুগ্ম মহাসচিবকে মহাসচিব এর দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

<u>সিদ্ধান্ত-০২ঃ</u> কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/বিভাগ/সংস্থায় কর্মরত কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/ সমমানদের ২য় শ্রেণীর পদমর্যাদাসহ ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নে সরকারী প্রজ্ঞাপন (জি.ও) জারী হওয়ায় অত্র সভার পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতাসহ ধন্যবাদ জানানো হয়। সংশ্লিষ্ট কাজে যারা সহায়তা করেছেন তাদেরকেও ধন্যবাদ জানানো হয়।

<u>সিদ্ধান্ত-০৩ঃ</u> ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, নির্বাচন-২০১৮ এর কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের লক্ষ্যে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর সকল সদস্যদের সহযোগীতা কামনা করা হয়। নির্বাচন কর্মকর্তা কর্তৃক ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ২৭/১০/২০১৮ইং তারিখে মহানগর/জেলা/সংস্থা/অঞ্চল/সংস্থা সমন্বয় শাখার নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্নের জন্য সকলকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত-০৪ঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের পদোন্নতির যে প্রস্তাবনা পিএসসি থেকে কৃষি মন্ত্রণালয়ে এসেছে তা অতিদ্রুত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়িতে পাঠানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো এবং দ্রুত গতিতে পদায়নের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ বেতনস্কেল/২০১৫ অনুযায়ী সরকারী কর্মকর্তা কর্মচারীদের সিলেকশন গ্রেড প্রথা ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত বহাল রাখা হয়েছে। সে মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত সিলেকশনগ্রেড প্রাপ্য। তাই বিদ্যমান গ্রেডেশন তালিকার ৭৭০৬ হতে ৭৮৮৫ পর্যন্ত মোট ১৮৪ জনের সিলেকশন গ্রেড প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ হয়রানি মূলক বদলী আদেশ বাতিল

জনাব মোঃ আপেল মাহমুদ, উপ-সহকারী কৃষি কর্মকর্তা সিলেট অঞ্চল, গোপালগঞ্জ জেলার সাধারন সম্পাদক জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-সহকারী কৃষি কর্মকর্তা বরিশাল অঞ্চল,এবং জনাব মোঃ লোকমান হোসেন, উপ-সহকারী কৃষি কর্মকর্তকে জয়পুরহাট জেলায় হয়রানিমূলক বদলী করায় তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করা হয়। অনতিবিলম্বে আপেল মাহমুদ কে ঢাকা মহানগর, জনাব মোঃ রফিকুল ইসলাম কে গোপালগঞ্জ এবং মোঃ লোকমান হোসেন কে শাহজাদপুর, সিরাজগঞ্জে বদলি যোগে পদায়ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ পূর্ব ঘোষণা অনুযায়ী ২৩ শে অক্টোবর ডিপ্লোমা কৃষিবিদ দিবস হিসেবে অত্যন্ত আনন্দ ঘন পরিবেশে উদযাপন করা হয় এবং "জননেত্রী শেখ হাসিনার অবদান, ডিপ্লোমা কৃষিবিদদের ২য় শ্রেণী সম্মান" শ্লোগান সম্বলিত ১০,০০০ (দশ হাজার) পোষ্টার ছাপানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

স্মারক নং- ডিকেআইবি/কে স-২১৯(৫০) তারিখঃ ২৩/১০/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৬. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৭. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯. মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই/ বি.জে.আর.আই/ বিনা/ বি.এস.আর.আই, ...................... ।
১২. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/ মাননীয় পরিচালক, ........................................।
১৩. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .............. অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, ....................।
১৪. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................. জেলা।
১৫. সভাপতি/মহাসচিব, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ।
১৬. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৭. প্রধান নির্বাচন কর্মকর্তা, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা।
১৮. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল সদস্যবৃন্দ।
১৯. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ........... অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
২০. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ............ উপজেলা শাখা, .......... জেলা।
২১. জনাব ............................................................................।

২৩/১০/১৮

(মোঃ আলফাজ উদ্দিন)
মহাসচিব(ভারপ্রাপ্ত)
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৮১৯-৪২৫০১৫